স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার
सत्यमेव जयते

myGOV
मेरी सरकार



# এফএকিউ

## কোভিড-১৯ টিকা সম্পর্কিত




**প্রঃ** কোভিড-১৯ টিকা কি প্রত্যেককেই একইসঙ্গে দেওয়া হবে?

**উঃ** সরকার অগ্রাধিকারের ভিত্তিতে উচ্চ ঝুঁকিসম্পন্ন শ্রেণীর মানুষকে টিকাকরণের জন্য চিহ্নিত করেছে

- টিকাকরণের প্রথম পর্যায়ে রয়েছেন স্বাস্থ্য ও অগ্রভাগে থাকা কর্মী
- দ্বিতীয় পর্বে রয়েছেন ৫০ বছরের বেশি বয়সী ব্যক্তি যাঁদের অন্যান্য উপসর্গও রয়েছে
- সেই অনুসারে প্রয়োজনের ভিত্তিতে সকলের জন্য টিকার বন্দোবস্ত করা হবে

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার

সত্যমেব জয়তে

মেরী সরকার



# এফএকিউ

কোভিড-১৯ টিকা
সম্পর্কিত




**প্রঃ** স্বল্প সময়ের মধ্যে যেহেতু টিকা কার্যকর করা হচ্ছে তাই টিকা কি নিরাপদ?

**উঃ** নিরাপত্তা ও গুণমান যাচাইয়ের ওপর ভিত্তি করে নিয়ন্ত্রক কর্তৃপক্ষগুলির অনুমোদনের পরেই দেশে টিকাকরণ করা হবে

**প্রঃ** টিকা নেওয়া কি আবশ্যক?

**উঃ** কোভিড-১৯ টিকা নেওয়া ঐচ্ছিক

অবশ্য, প্রত্যেককেই আত্মসুরক্ষার জন্য কোভিড-১৯ টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে যাতে এই ভাইরাসজনিত রোগ সংক্রমণ সীমিত রাখা যায়

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার
सत्यमेव जयते

my GOV
मेरी सरकार



# এফএকিউ

কোভিড-১৯ টিকা সম্পর্কিত




**প্রঃ** কোভিড থেকে সুস্থ হওয়া ব্যক্তির ক্ষেত্রেও কি টিকা নেওয়া জরুরি?

**উঃ** অতীতে সংক্রমণের যে কোনও ঘটনা নির্বিশেষে কোভিড টিকার সম্পূর্ণ ডোজ নেওয়া জরুরি যাতে দৈহিক রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়ানো যায়

**প্রঃ** কোনও এক ব্যক্তি যিনি কোভিড-১৯-এ (সুনিশ্চিত / সন্দেহজনক) সংক্রমিত তাঁর ক্ষেত্রেও কি টিকাকরণ জরুরি?

**উঃ** করোনা সংক্রান্ত উপসর্গগুলি নিশ্চিহ্ন হওয়ার ১৪ দিন পর টিকা নেওয়ার ক্ষেত্রে পরামর্শ দেওয়া হচ্ছে, কারণ টিকাকরণ কেন্দ্রে ওই ব্যক্তির কাছ থেকে সংক্রমণের ঝুঁকির সম্ভাবনা বেশি

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার

my GOV
मेरी सरकार



# এফএকিউ

## কোভিড-১৯ টিকা সম্পর্কিত




**প্রঃ** এক বা একাধিক টিকার ক্ষেত্রে কিভাবে প্রশাসন একটি বা তার বেশি ক্ষেত্রে টিকাকরণের বিষয়ে সিদ্ধান্ত নেবে?

**উঃ** ড্রাগ কন্ট্রোলারের কাছ থেকে টিকাকরণের পূর্বে যাবতীয় পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে প্রাপ্ত সুরক্ষামূলক বিষয়গুলি যাচাই করেই অনুমতি দেওয়া হয়। তাই অনুমোদনপ্রাপ্ত সমস্ত কোভিড-১৯ টিকাই সুরক্ষা ও কার্যকরিতার দিক থেকে প্রমাণিত

অবশ্য, এটা সুনিশ্চিত করতে হবে যে টিকার সম্পূর্ণ ডোজের ক্ষেত্রে যেন একই ধরনের টিকা নেওয়া হয়, টিকা নেওয়ার ক্ষেত্রে কোনরকম অদল-বদল করা উচিৎ নয়

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার

सत्यमेव जयते

my GOV
मेरी सरकार



# এফএকিউ

## কোভিড-১৯ টিকা সম্পর্কিত




**প্রঃ** কোভিড টিকা +২ থেকে +৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় রাখার ক্ষেত্রে এবং এই তাপমাত্রার মধ্যে টিকা পরিবহণের ব্যাপারে ভারতের সক্ষমতা রয়েছে কি?

**উঃ** ভারত বিশ্বে সর্ববৃহৎ টিকাকরণ কর্মসূচি পরিচালনা করে, সেই অনুসারে ২৬ মিলিয়নের বেশি নবজাতক এবং ২৯ মিলিয়নের বেশি গর্ভবতী মহিলাকে টিকাকরণের প্রয়োজন হয়

দেশের বৃহত্তর এবং বিভিন্ন শ্রেণীর মানুষের কাছে যথাযথভাবে টিকা পৌঁছে দিতে সমস্ত কর্মসূচিকে সুদৃঢ় করা হচ্ছে

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার

सत्यमेव जयते

myGOV
मेरी सरकार




# এফএকিউ

## কোভিড-১৯ টিকা সম্পর্কিত

**প্রঃ** ভারতে কার্যকর হওয়া টিকাটি কি অন্যান্য দেশের মতোই সমান কার্যকর?

উঃ হ্যাঁ। ভারতে কার্যকর করা কোভিড-১৯ টিকা অন্যান্য দেশের মতোই সমান কার্যকর হবে কারণ যে টিকাটি কার্যকর করা হচ্ছে তার গুণমান ও নিরাপত্তা আগেই বিভিন্ন পর্যায়ে যাচাই করা হয়েছে

**প্রঃ** কিভাবে জানব যে আমি টিকা নেওয়ার ক্ষেত্রে উপযুক্ত?

উঃ যোগ্য ব্যক্তিদের নথিভুক্ত মোবাইল নম্বরের মাধ্যমে টিকাকরণ কেন্দ্র এবং টিকাকরণের দিন সম্পর্কে আগাম জানিয়ে দেওয়া হবে

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার

myGOV
मेरी सरकार



# এফএকিউ

## কোভিড-১৯ টিকা সম্পর্কিত




**প্রঃ** যোগ্য সুবিধাভোগীদের নথিভুক্তির জন্য কি নথিপত্র প্রয়োজন?

**উঃ** নাম নথিভুক্তিকরণের সময় সচিত্র ফটো সম্বলিত নিম্নলিখিত যে কোনও একটি নথি দেওয়া যেতে পারে:

- আধার/ড্রাইভিং লাইসেন্স/ভোটার কার্ড/প্যান কার্ড/পাসপোর্ট/জব কার্ড/পেনশন নথি
- শ্রম মন্ত্রকের কর্মসূচির আওতায় প্রদেয় স্বাস্থ্য বিমা স্মার্ট কার্ড
- মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ আইন (এমজিএনআরইজিএ)
- সাংসদ/বিধায়ক/স্থানীয় পুর প্রতিনিধির পক্ষ থেকে জারি করা সরকারি পরিচিতিপত্র
- ব্যাঙ্ক/ডাকঘর থেকে জারি করা পাসবুক
- কেন্দ্রীয়/রাজ্য সরকার/রাষ্ট্রায়ত্ত সংস্থার পক্ষ থেকে জারি করা পরিচয়পত্র

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার



# এফএকিউ

## কোভিড-১৯ টিকা সম্পর্কিত




**প্রঃ** নাম নথিভুক্তি ছাড়াই কোনও ব্যক্তি কোভিড-১৯ টিকা পেতে পারেন?

**উঃ** না, কোভিড-১৯ টিকাকরণের জন্য নাম নথিভুক্তি আবশ্যক। কেবল নাম নথিভুক্তির পরেই টিকাকরণ কেন্দ্র এবং স্থান সম্পর্কে তথ্য আগাম জানানো হবে

**প্রঃ** টিকাকরণ কেন্দ্রে কোনও ব্যক্তি যদি সচিত্র পরিচয়পত্র দেখাতে না পারেন, তাহলে তাঁকে কি টিকা দেওয়া হবে?

**উঃ** নাম নথিভুক্তিকরণ এবং টিকাকরণ কেন্দ্রে নথিপত্রের যাচাইয়ের সময় সচিত্র পরিচয়পত্র দেওয়া জরুরি যাতে আগ্রহী ব্যক্তিকে টিকা দেওয়া যায়

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার



# এফএকিউ

## কোভিড-১৯ টিকা সম্পর্কিত




**প্রঃ** একজন সুফলভোগী কিভাবে টিকাকরণের দিনক্ষণ সম্পর্কে জানতে পারবেন?

**উঃ** অনলাইন নাম নথিভুক্তিকরণের পর সংশ্লিষ্ট সুফলভোগী রেজিস্টার্ড মোবাইল নম্বরে এসএমএস পাবেন, সেই এসএমএস-এ টিকাকরণের দিন, কেন্দ্র ও সময় সম্পর্কে জানিয়ে দেওয়া হবে

**প্রঃ** সমগ্র টিকাকরণ প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর সংশ্লিষ্ট সুফলভোগীকে পরবর্তী পরিস্থিতি সম্পর্কে জানানো হবে কি?

**উঃ** হ্যাঁ। কোভিড-১৯ টিকার সমস্ত ডোজ নেওয়ার পর সংশ্লিষ্ট সুফলভোগী মোবাইল নম্বরে এসএমএস পাবেন। সমস্ত ডোজ নেওয়ার পর তাঁর মোবাইল নম্বরে একটি কিউআর কোড-ভিত্তিক শংসাপত্র পাঠানো হবে

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার



# এফএকিউ

কোভিড-১৯ টিকা
সম্পর্কিত




**প্রঃ** টিকাকরণ কেন্দ্রে কোনও প্রতিকারমূলক আগাম সতর্কতা ব্যবস্থা রয়েছে কি যা একজনকে অনুসরণ করতে হবে?

**উঃ**
- কোভিড-১৯ টিকা নেওয়ার পর আপনাকে টিকাকরণ কেন্দ্রে অন্তত ৩০ মিনিট বসে থাকতে হবে
- টিকা নেওয়ার পর আপনি যদি কোনরকম অস্বাচ্ছন্দ্য বা অসুস্থতা বোধ করেন তাহলে নিকটবর্তী স্বাস্থ্য কর্তৃপক্ষ বা এএনএম অথবা আশা কর্মীর সঙ্গে যোগাযোগ করতে পারেন
- টিকাকরণ কেন্দ্রে মাস্ক ব্যবহার, হ্যান্ড স্যানিটাইজেশন এবং দৈহিক ব্যবধানের (ছয় ফুট বা দুই গজ) মতো কোভিড আদর্শ আচরণগুলি মেনে চলতে হবে

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার



# এফএকিউ

## কোভিড-১৯ টিকা সম্পর্কিত




**প্রঃ** কোভিড-১৯ টিকার সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া কি?

**উঃ**

- সুরক্ষার বিষয়টি সুনিশ্চিত হওয়ার পরই কোভিড-১৯ টিকাকরণ করা হবে
- অন্যান্য টিকার মতো এই টিকার কিছু অভিন্ন পার্শ্বপ্রতিক্রিয়া রয়েছে যেমন হালকা জ্বর, টিকা নেওয়ার জায়গায় ব্যথা প্রভৃতি
- রাজ্যগুলিকে যে কোনও ধরনের কোভিড-১৯ টিকা সংক্রান্ত শারীরিক পার্শ্বপ্রতিক্রিয়ার মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার

सत्यमेव जयते

my GOV मेरी सरकार



# এফএকিউ

কোভিড-১৯ টিকা সম্পর্কিত




**প্রঃ** কোনও ব্যক্তি যদি ক্যান্সার, ডায়াবেটস, উচ্চ রক্তচাপ প্রভৃতির মতো রোগের জন্য ওষুধ সেবন করেন সেক্ষেত্রে তিনি কি কোভিড টিকা নিতে পারেন?

**উঃ** হ্যাঁ। যে সমস্ত ব্যক্তির এক বা একাধিক উপসর্গ রয়েছে তাঁদেরকে উচ্চঝুঁকির শ্রেণীতে সামিল করা হয়েছে। তাই তাঁদেরও কোভিড-১৯ টিকা নেওয়া আবশ্যক

**প্রঃ** স্বাস্থ্যকর্মী/অগ্রভাগে থাকা কর্মীর পরিবারের সদস্যদেরকেও কি টিকা দেওয়া হবে?

**উঃ** প্রাথমিক পর্যায়ে সীমিত সংখ্যক টিকা সরবরাহের দরুণ প্রথমেই টিকা দেওয়া হবে অগ্রাধিকারের ভিত্তিতে সুনির্দিষ্ট শ্রেণীর মানুষকে। পরবর্তী পর্যায়ে সকলকেই টিকা দেওয়ার ব্যবস্থা করা হবে

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক
ভারত সরকার



# এফএকিউ

কোভিড-১৯ টিকা
সম্পর্কিত




**প্রঃ** কত সময়ের ব্যবধানে টিকার কতগুলি ডোজ নিতে হবে?

**উঃ** একজন ব্যক্তিকে টিকার সম্পূর্ণ ডোজ পূরণ করার জন্য দুটি ডোজ নিতে হবে, ২৮ দিনের ব্যবধানে

**প্রঃ** টিকার ডোজ নেওয়ার কতদিন পর দেহে অ্যান্টিবডি তৈরি হবে?

**উঃ** কোভিড-১৯ টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার সাধারণত ১৪ দিন পর দেহে অ্যান্টিবডি উৎপন্ন হওয়া শুরু হয়